পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা- ৭০০ ০০৭

ফোন নম্বর : ২২৪১-২০৬০, ২২১৯-৮৯৩০, ওয়েবসাইট : www.wbcuta.org

সার্কুলার- ৯/২০১৮ তারিখ : ২৪ - ০৮ - ২০১৮

কনভেনর প্রাইমারী ইউনিট,/ সম্পাদক জেলা কমিটি

--কলেজ/বিশ্ববিদ্যালয়

প্রিয় সাথী,

প্রথমেই আপনাদের অকুণ্ঠ অভিনন্দন জানাই জরুরী ভিত্তিতে তৈরি কেরালার বন্যাত্রাণ তহবিলে সাহায্যের হাত বাড়ানোর জন্য। এক সপ্তাহেরও কম সময়ের প্রস্তুতিতে আমরা এক লক্ষ টাকা জোগাড় করতে পেরেছি, যা কেরালার মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে পাঠিয়ে দিয়েছি। আরও কিছু অর্থ জেলার বন্ধুরা সংগ্রহ করছেন বলে জানিয়েছেন। পরবর্তী কালে এই সংগ্রহের বাকি অংশ দ্রুত আমরা দ্বিতীয় দফায় পাঠিয়ে দেব।

অধ্যাপক সমিতির ৮৩তম দ্বিবার্ষিক সম্মেলন ও ৯২তম বার্ষিক সাধারণ সভা আগামী ৬-৭ অক্টোবর, ২০১৮, মুর্শিদাবাদ জেলার বহরমপুর রবীন্দ্রসদনে অনুষ্ঠিত হবে। ৬ অক্টোবর সম্মেলন শুরু হবে সকাল ১০টায়। বার্ষিক সাধারণ সভা শুরু হবে ৭ অক্টোবর সকাল ৯ টায়। এবারের সম্মেলনে সভাপতির দায়িত্ব গ্রহণে সম্মত হয়েছেন বিশিষ্ট শিক্ষাবিদ্ ও সংগীত গবেষক অধ্যাপক সুধীর চক্রবর্তী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী ড. পার্থ চট্টোপাধ্যায়। এছাড়াও দিল্লী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক রাজীব রায়, এআইফুকটোর সাধারণ সম্পাদক অধ্যাপক অরুণ কুমার, শিক্ষা ও শিক্ষক আন্দোলনের প্রবীন সংগঠক বদরুদ্দোজা খান প্রমুখ বিশিষ্ট ব্যক্তিগণ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। **সম্মেলনের জন্য ডেলিগেট ফি ধার্য হয়েছে ৬০০ টাকা।**

৬ অক্টোবর দ্বিতীয়ার্ধে বহরমপুর গালর্স কলেজের সঙ্গে যৌথভাবে একটি জাতীয় পর্যায়ের আলোচনা চক্রের আয়োজন করা হয়েছে। বিষয় :- ভারতের উচ্চশিক্ষা ; সাম্প্রতিক বিষয় সমূহ -- আমাদের কর্তব্য। বিশিষ্ট শিক্ষাবিদগণ এই আলোচনা সভায় অংশ নেবেন। বন্ধুদের কাছে অনুরোধ, আপনারা যারা উপরোক্ত বিষয়ে গবেষণাধর্মী নিবন্ধ জমা দিতে চান, অবশ্যই তা আগামী ২৫ সেপ্টেম্বরের মধ্যে সমিতির রাজ্য দপ্তরে পাঠিয়ে দিন। লেখার এক কপি অবশ্যই সমিতির ই-মেলে পাঠাতে হবে মাইক্রোসফট ওয়ার্ডে টাইপ করে পি.ডি.এফ ফাইলে। সমিতির ই-মেল -- **wbcuta@yahoo.in**।

ডেলিগেট ফি বাবদ ৬০০ টাকা সংগ্রহ করার প্রক্রিয়া শুরু হয়েছে। আপনারা দ্রুত এই অর্থ নিজ নিজ ইউনিটে জমা দিয়ে নাম নথিভুক্ত করুন। জেলা সম্পাদক ও প্রাইমারী ইউনিটের কনভেনরগণ রাজ্য দপ্তর থেকে বিল বই সংগ্রহ করুন। ৫-৬ উভয় দিনই বহরমপুরে রাত্রিবাসের বন্দোবস্ত করা হয়েছে। ডেলিগেট বন্ধু যারা ৫ তারিখ বহরমপুরে পৌছবেন, অবশ্যই তাঁদের যাতায়াত সংক্রান্ত তথ্যাদি আগামী ২৫ সেপ্টেম্বরের মধ্যে অভ্যর্থনা সমিতির বন্ধুদের জানিয়ে দেবেন। যেহেতু পুজোর আগে হোটেল পাওয়ার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে, তাই ৫ এবং ৬ তারিখ মোট কতজন ডেলিগেটের জন্য রাত্রে থাকার বন্দোবস্ত করতে হবে তা আগে জানা জরুরী । অভ্যর্থনা সমিতির কার্যকরী সভাপতি অধ্যাপক খয়বর আলী মিঞা - মোবাইল নং ৯৪৩৪৬৪১৫৭৯ এবং অভ্যর্থনা সমিতির সম্পাদক অধ্যাপক রাজীব সেন - মোবাইল নং ৯৪৭৫৪২৪২০৮/৭৩১৮৬৮৯১১১।

বহরমপুর শহরে পৌছনোর জন্য দক্ষিণবঙ্গ থেকে ভাগীরথী এক্সপ্রেস, হাজারদুয়ারী এক্সপ্রেস, লালগোলা ফাস্ট প্যাসেঞ্জার ধরা যেতে পারে। এ ছাড়াও ভায়া আজিমগঞ্জ যে কোন গাড়ীতে উঠলে আজিমগঞ্জ স্টেশনে নেমে বহরমপুর আসা যায়। দুরত্ব ১৮ কিলোমিটার। বেশ কিছু স্টেট ট্রান্সপোর্টের বাস ধর্মতলা থেকে নিয়মিত বহরমপুর যাতায়াত করে। এই সুবিধা নেওয়া যেতে পারে। উত্তরবঙ্গ থেকে যারা আসবেন তাঁরা তিস্তা তোর্ষা, কামরুপ ও পাহাড়িয়া এক্সপ্রেস ধরে আসতে পারেন। যাতায়াতের সুবিধার্থে দ্রুত আসন সংরক্ষন করে নিলে ভাল হয়।

গত ২১ আগষ্ট, ২০১৮ সরকারি কলেজ শিক্ষক সমিতির সঙ্গে যৌথভাবে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে ডেপুটেশন দেওয়া হয়। মূলত সপ্তম বেতন কমিশনের সুপারিশ ইউ জি সি-র রেগুলেশন মোতাবেক দ্রুত কার্যকর করবার বিষয়টি দীর্ঘ সময় ধরে আলোচনা হয়। মাননীয় মন্ত্রী ধৈর্য ধরে আমাদের বক্তব্য শুনেছেন এবং বিবেচনার আশ্বাস দিয়েছেন। এছাড়াও ষষ্ঠ বেতন কমিশনের বকেয়া অংশ দ্রুত প্রদানের জন্য আমরা অনুরোধ জানিয়েছি। আংশিক, চুক্তিভিত্তিক ও অতিথি শিক্ষক এবং গ্রন্থাগারিকদের সমস্যা নিরসনে আমরা সমিতির পক্ষ থেকে আবারও রাজ্য সরকারের সদর্থক হস্তক্ষেপ দাবি করেছি।

অভিনন্দন সহ -

শ্রুতিনাথ প্রহরাজ

(শ্রুতিনাথ প্রহরাজ)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৪৩৩৮২০৬১০

WEST BENGAL COLLEGE & UNIVERSITY TEACHERS' ASSOCIATION
(REGISTERED UNDER ACT XXI 1960)
89, MAHATMA GANDHI ROAD, KOLKATA-700 007
Telefax : 2241-2060/2219-8930, E-mail: wbcuta@yahoo.in
www.wbcuta.org

For favour of Circulation among Members

ANNUAL GENERAL MEETING NOTICE

The 92nd Annual General Meeting of the Association will be held on Sunday, the 7th October, 2018 at 9 a.m. at Rabindra Sadan, Baharampur, Murshidabad. All members are requested to be present.

24.08.2018

(Srutinath Praharaj)
General Secretary
WBCUTA

AGENDA

1. To confirm the proceedings of the last Annual General Meeting.
2. To consider the Annual Report with audited accounts and to pass resolution thereon.
3. To fill up vacancies in the list of ordinary members of the General Committee.
4. To elect the President, two Vice-Presidents and the Hony. Treasurer, and to elect the General Secretary on the recommendation of the Executive Committee, to announce the results of election of representatives of the General Committee on the Executive Committee.
5. To elect the Hony. Auditor.
6. To consider, formulate and lay down a general policy relating to any matter concerning the aims, administration, finances, and development of the Association, either on its own initiative or on a reference from the General Committee and/or Executive Committee.
7. To consider any bye-laws framed by the Executive Committee or action taken by the Executive Committee according to Rule XIII(vii).
8. To consider proposal for change of Rules, if any.
9. Any other matter that may be brought up by the Executive Committee.